

ঢাবি ক্যাম্পাসে ছাত্রদলের ওপর ছাত্রলীগের হামলার অভিযোগ

ঢাবি প্রতিবেদক

২৪ সেপ্টেম্বর ২০২৩, ০৯:৫৯ এএম



ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসে ছাত্রদলের ওপর ছাত্রলীগের হামলার অভিযোগ উঠেছে। হামলায় ছাত্রদলের অন্তর্ভুক্ত ছয়জন আহত হয়েছেন বলে জানা গেছে। আহতরা ইসলামী ব্যাংক সেন্ট্রাল হাসপাতাল থেকে প্রাথমিক চিকিৎসা নিয়ে বাসায় ফিরেছেন। গতকাল শনিবার রাতে এ ঘটনা ঘটে।

হামলায় আহতরা হলেন কেন্দ্রীয় ছাত্রদলের যুগ্ম-সাধারণ সম্পাদক নাদির শাহ পাটোয়ারী, সহ-সাধারণ সম্পাদক রেজোয়ান, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক শরিফ প্রধান, বিজয় একাত্তর হল ছাত্রদলের সভাপতি মো. সোহেল রানা, বেসরকারি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের যুগ্ম-সাধারণ সম্পাদক আল-আমিন এবং ছাত্রদল কর্মী হাসিবুর রহমান আসিফ।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সভাপতি খোরশেদ আলম সোহেল আমাদের সময়কে বলেন, 'গতকাল রাত আটটার দিকে ছাত্রদলের নেতাকর্মীরা শাহবাগ মোড়ে চায়ের দোকানে বসেছিল। হঠাৎ বাইক দিয়ে এসে ছাত্রলীগ হামলা চালায়। হামলায় ছাত্রদলের ছয়জন আহত হন। তাদের ইসলামিক ব্যাংক সেন্ট্রাল হাসপাতালে প্রাথমিক চিকিৎসার দেওয়ার পর রাতে বাসায় পাঠিয়ে দেওয়া হয়েছে।'

এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি মাজহারুল কবির শয়ন ও সাধারণ সম্পাদক মো. তানভীর হাসান সৈকতকে একাধিক বার ফোন করেও পাওয়া যায়নি।